

বিজিএ/কাস/২০২৩/১৭৩

২৪ জুলাই, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ এফওসি (FOC) এর মাধ্যমে আমদানিকৃত এবং সিএমটি পদ্ধতিতে রপ্তানির বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্তি প্রসঙ্গে।

সূত্র : এফই সার্কুলার পত্র নম্বর ০৭, তারিখঃ ২৩/০৭/২০২৩

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। অন-নো-কস্ট (FOC) এর মাধ্যমে আমদানিকৃত এবং সিএমটি (Cut, Make and Trim) পদ্ধতিতে রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রাপ্তিতে স্থানীয় মূল্য সংযোজনের হার নির্ণয়ের কোন সুনির্দিষ্ট পদ্ধতি না থাকায় এবং অডিট ফার্ম কর্তৃক উত্থাপিত আপত্তির কারণে পোশাক শিল্পকারখানার প্রণোদনা/নগদ সহায়তার নথিগুলো এডি ব্যাংক কর্তৃক প্রসেস করে বাংলাদেশ ব্যাংক বরাবরে Claim পাঠানো স্থগিত ছিলো।


এফওসি (FOC)/ সিএমটি (CMT) পদ্ধতিতে রপ্তানির বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এডি ব্যাংক এবং অডিট ফার্মের চাহিত স্থানীয় মূল্য সংযোজনের হার নির্ণয়ন সংক্রান্ত জটিলতা দূরীকরণের নিমিত্তে বিজিএমইএ'র বর্তমান পরিচালনা পর্ষদের ঐকান্তিক প্রচেষ্টায় বাংলাদেশ ব্যাংক পোশাক শিল্পে প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্যতার জন্য স্থানীয় মূল্য সংযোজনের প্রযোজ্য হার নিরূপনের পদ্ধতি সম্বলিত সূত্রোক্ত সার্কুলার জারী করেছে।

আশা করি এ সার্কুলার জারী হওয়ায় এখন থেকে এফওসি (FOC)/ সিএমটি (CMT) পদ্ধতিতে রপ্তানির বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্তিতে পোশাক শিল্প প্রতিষ্ঠানের বিরাজমান সমস্যার নিরসন হবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের জারীকৃত সার্কুলারটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ০৭

জুলাই ২৩, ২০২৩
তারিখ: -----
শ্রাবণ ০৮, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

বস্ত্রখাতে সিএমটি (Cut, Make and Trim) পদ্ধতিতে রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

বস্ত্রখাতে নগদ সহায়তা সংক্রান্ত এফই সার্কুলার নম্বর ২১, তারিখ: নভেম্বর ০৯, ২০১০; এফই সার্কুলার নম্বর ১, তারিখ: জানুয়ারি ০৭, ২০২০ এবং এতদসংক্রান্ত প্রযোজ্য অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের জ্ঞাপিত নির্দেশনা অনুযায়ী ডিউটি ড্র-ব্যাংক/বস্ত্র সুবিধাসহ রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্য হয়ে থাকে। অপরদিকে এফই সার্কুলার নম্বর ৩৫, তারিখ: আগস্ট ২৫, ২০২০ ও এতদসংক্রান্ত অপরাপর এফই সার্কুলার/সার্কুলার পত্রের নির্দেশনা অনুযায়ী ক্ষুদ্র ও মাঝারি উৎপাদনকারী-রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান সম্পূর্ণ বিদেশি বা দেশি ও বিদেশি উভয় ধরনের সুতা/বস্ত্র ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৩০% (এফই সার্কুলার নম্বর ০৮, তারিখ: মে ০৯, ২০২২ এর মাধ্যমে ২০% এ পরিবর্তিত) স্থানীয় মূল্য সংযোজনের শর্তে স্থানীয় মূল্য সংযোজনের ওপর নগদ সহায়তা প্রাপ্য হয়ে থাকে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুসারে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, প্রচলিত আমদানি নীতি আদেশে বর্ণিত বিধিবিধান পরিপালন সাপেক্ষে অন-নো-কস্ট ভিত্তিতে উপকরণ সংগ্রহের মাধ্যমে তৈরি পোশাক/বস্ত্রজাত সামগ্রী রপ্তানির বিপরীতে সিএমটি মূল্যের ওপর প্রযোজ্য রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা হিসাবায়নের সুবিধার্থে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণীয় হবে :

- (ক) বিদেশ থেকে প্রত্যাবাসিত সিএমটি মূল্যের উপর [জাহাজ ভাড়া (রপ্তানিকারক কর্তৃক নির্বাহ করা হলে), বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি বাদ দিয়ে] নগদ সহায়তা প্রদেয় হবে ;
- (খ) অন-নো-কস্ট ভিত্তিতে আমদানিকৃত উপকরণের কাস্টমস কর্তৃপক্ষের মূল্যায়িত মূল্য, রপ্তানিতে ব্যবহৃত ব্যাক-টু-ব্যাংক পদ্ধতির আওতায় সংগৃহীত অন্যান্য উপকরণ (যদি থাকে)-এর মূল্যের সাথে প্রত্যাবাসিত সিএমটি মূল্য (উপরোল্লিখিত 'ক' অনুসারে) যোগ করে রপ্তানি পণ্যের নীট এফওবি মূল্য নির্ণয় করতে হবে ;
- (গ) রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রাপ্যতার জন্য স্থানীয় মূল্য সংযোজনের প্রযোজ্য হার বজায় রাখতে হবে। এক্ষেত্রে স্থানীয় মূল্য সংযোজনের হার নিম্নরূপ হবে :

[রপ্তানিতে ব্যবহৃত ব্যাক-টু-ব্যাংক পদ্ধতির আওতায় সংগৃহীত স্থানীয় অন্যান্য উপকরণ (যদি থাকে) + সিএমটি মূল্য (উপরোল্লিখিত 'ক' অনুসারে)] X ১০০
রপ্তানি পণ্যের নির্ণিত নীট এফওবি মূল্য (উপরোল্লিখিত 'খ' অনুসারে)

বস্ত্রখাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা সংশ্লিষ্ট সার্কুলারের অন্যান্য প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে উপরোক্ত নির্দেশনা অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

Hossain

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩

1/1/23